

## মার্কিন যুক্তরাষ্ট্রের শ্রম মন্ত্রণালয়

### ২০২১ সালের সবচেয়ে নিকৃষ্ট ধরনের শিশু শ্রমের বিষয়ে প্রাপ্ত তথ্য সমূহ

#### বাংলাদেশ

২০২১ সালে, শিশু শ্রমের সবচেয়ে নিকৃষ্টতম ধরণগুলি বিলুপ্তির প্রয়াসে বাংলাদেশ একটি মধ্যম পর্যায়ের উন্নতি করেছে। ২০২২ সালের প্রারম্ভে, সরকার অনুমোদন করে আন্তর্জাতিক শ্রম সংগঠন সমঝোতা নং ১৩৮: যেটি হ'লো ন্যূনতম বয়সে কাজে প্রবেশের জন্য সমঝোতা এবং আন্তর্জাতিক শ্রম সংগঠনের ২০১৪ সালে করা জোর পূর্বক কাজ করানোর সমঝোতামূলক চুক্তি। সরকার আরো ৫,০৮৮ জন শিশুকে ২৩টি জেলা থেকে শ্রম পরিদর্শকের মাধ্যমে অরক্ষিত তথা নাজুক পরিস্থিতিগুলি থেকে সরিয়ে আনতে পেরেছে। যাইহোক, বাংলাদেশের শিশুরা নিকৃষ্ট ধরনের শিশু শ্রমের শিকার হয়ে থাকে, যার মধ্যে আছে তাদের কাছ থেকে বাণিজ্যিকভাবে যৌন সুযোগ গ্রহণ করা, এবং শুটকি মাছ ও ইট উৎপাদনের ক্ষেত্রগুলিতে শিশুদের থেকে জোরপূর্বক কাজ আদায় করা। শিশুরা পোষাক শিল্পে ও চামড়াজাত পণ্য উৎপাদনেও বিপজ্জনক কাজ করে থাকে। যেসব জায়গায় বাংলাদেশের অধিকাংশ শিশু শ্রমের ঘটনাগুলি ঘটে থাকে, বাংলাদেশের শ্রম আইনগুলি সেসব অনানুষ্ঠানিক খাতের জন্য প্রযোজ্য হয় না। এছাড়া, শিশু শ্রম লঙ্ঘনের শাস্তিগুলি আরোপ করা যায় শুধুমাত্র দীর্ঘ আইনী প্রক্রিয়ার পরই এবং, তখনই হয় যখন আদালত সেগুলিকে আরোপ করে, শিশু শ্রম আইন লঙ্ঘন প্রতিরোধ করার ক্ষেত্রে জরিমানার পরিমানগুলি খুবই নগণ্য। তাছাড়া, সরকার শিশু শ্রম সংশ্লিষ্ট তাদের ফৌজদারী আইন প্রয়োগ প্রচেষ্টার তথ্যসমূহ জনসমক্ষে প্রকাশ করেনি।

#### শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ

| ক্ষেত্র        | প্রস্তাবিত কর্মোদ্যোগ   | বছর(গুলি)<br>প্রস্তাবিত |
|----------------|---|-------------------------|
| আইনী<br>কাঠামো | অনানুষ্ঠানিক কাজে নিয়োজিত গৃহস্থালী পরিসেবামূলক খাতটিসহ সকল শিশুদের জন্য প্রযোজ্য কাজগুলির ক্ষেত্রে ন্যূনতম বয়সের মাত্রাটি সুনিশ্চিত করা।             | ২০০৯ – ২০২১             |
|                | সুনিশ্চিত করা যে শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ কাজের ধরণগুলির নিষিদ্ধকরণটি ব্যাপক হয়, বিশেষ করে পোষাক উৎপাদন এবং মাছ শুটকি করার ক্ষেত্রগুলি অন্তর্ভুক্ত করে। | ২০১৬ – ২০২১             |

## শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ

| ক্ষেত্র     | প্রস্তাবিত কর্মোদ্যোগ  | বছর(গুলি)<br>প্রস্তাবিত |
|-------------|--|-------------------------|
|             | সুনিশ্চিত করা যে আইনটি শিশুদেরকে দিয়ে অশ্লীল যৌনতার ছবি প্রদর্শন করাকে অপরাধ হিসাবে নিষিদ্ধ করবে।   | ২০১৫ – ২০২১             |
|             | সুনিশ্চিত করা যে আইনটি মাদক দ্রব্য উৎপাদন ও পাচার উভয়ক্ষেত্রেই শিশুদের ব্যবহার, সংগ্রহ করা ও হাতে তুলে দেওয়ার বিষয়গুলি অপরাধ হিসাবে নিষিদ্ধ করবে।   | ২০১৫ – ২০২১             |
|             | সুনিশ্চিত করা যে বেসরকারি সশস্ত্র দলগুলির ১৮ বছরের কম বয়সী শিশুদেরকে দলে অন্তর্ভুক্ত করাটি অপরাধ হিসাবে নিষিদ্ধ করবে।   | ২০১৬ – ২০২১             |
|             | সুনিশ্চিত করা যে ২০১০ সালের জাতীয় শিক্ষানীতি, যেটা বাধ্যতামূলকভাবে শিক্ষার বয়সটি বাড়িয়েছে পঞ্চম শ্রেণী (১০ বছর) থেকে অষ্টম শ্রেণী (১৪ বছর) পর্যন্ত, এই নীতিটির প্রয়োগ করা।  | ২০১২ -২০২১              |
| প্রয়োগ করা | তলব করা ও জরিমানা কার্যকর করা সুনিশ্চিত করা হয়, এবং শ্রম আইন লঙ্ঘনের জন্য জরিমানাসমূহ মূল্যায়নের সময়সীমাটি কমিয়ে আনা হয়। এটা নিশ্চিত করে যে শিশু শ্রম আইন লঙ্ঘনগুলির ক্ষেত্রে জরিমানাসমূহ একটি পর্যাপ্ত প্রতিরোধক হিসাবে কাজ করে। | ২০১৪ – ২০২১             |
|             | আই.এল.ও.-এর প্রযুক্তিগত পরামর্শগুলি পূরণ করার জন্য শ্রম পরিদর্শকদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি করা হয়।   | ২০০৯ – ২০২১             |
|             | অধিক সংখ্যক পরিদর্শকদের দিয়ে অবস্থার মোকাবিলা করা সহ সুনিশ্চিত করা হয় যে শ্রম পরিদর্শকদের যথেষ্ট সঙ্গতি রয়েছে।  | ২০২১                    |
|             | অঘোষিতভাবে শ্রম পরিদর্শনে যাওয়া সুনিশ্চিত করা হয়, এবং পরিদর্শনগুলি রাতের শিফট চলাকালীন সময়ের সাথে সাথে  | ২০১৩ – ২০২১             |

## শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ

| ক্ষেত্র | প্রস্তাবিত কর্মোদ্যোগ  | বছর(গুলি)<br>প্রস্তাবিত |
|---------|--|-------------------------|
|         | রপ্তানী প্রক্রিয়াকরণ এবং বিশেষ অর্থনৈতিক অঞ্চলগুলিতেও পরিচালনা করা নিশ্চিত করা হয়।   |                         |
|         | শ্রম ও অপরাধমূলক আইনগুলি কার্যকরীকরণের জন্য প্রক্রিয়া তৈরি করা হয় যাতে শিশুশ্রমের সাথে জড়িত শিশুদেরকে উপযুক্ত আইনি ও সামাজিক সেবা প্রাপ্তির জন্য যথাযথ স্থানে পাঠানো যায়।  | ২০১৩ – ২০২১             |
|         | সুনিশ্চিত করা হয় যে সরকারী কর্মকর্তা যারা শিশু শ্রমের নিকৃষ্টতম ধরনটিকে সহজতর করে তোলে ও অংশগ্রহণ করে থাকে, তাদেরকে জবাবদিহিতার আওতায় আনা, সেসব কর্মকর্তা যারা আইনের আওতা থেকে সুরক্ষা দেবার বিনিময়ে ঘুষ নিয়ে থাকে।  | ২০১৯ – ২০২১             |
|         | তদন্তকারী কর্মকর্তাদের প্রশিক্ষণের তথ্যগুলি, যতগুলি তদন্ত-কার্য পরিচালিত হয়েছে, যতগুলি লঙ্ঘনের ঘটনা পাওয়া গেছে, যতগুলি মামলায় উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যতগুলি দোষী-সাব্যস্তকরণের সাফল্য অর্জন করা গেছে, এবং যতগুলি জরিমানা আরোপন করা হয়েছে সেসব কিছু সংখ্যাসহ শিশু শ্রমের সাথে প্রাসঙ্গিক ফৌজদারী আইনগুলি কার্যকরীকরণের তথ্য-উপাত্তগুলি সংগ্রহ করা ও প্রকাশ করা। | ২০১২ – ২০২১             |
|         | মানব পাচারের সাথে জড়িত লংঘনগুলির বিরুদ্ধে, জোর পূর্বক কাজ করানোর বিরুদ্ধে, এবং শিশুদেরকে বাণিজ্যিকভাবে ব্যবহারের সুযোগ নেয়ার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য আইন প্রয়োগকারীদেরকে পর্যাপ্ত আর্থিক, এবং প্রযুক্তিগত সম্পদ প্রদান করা।   | ২০১৪ – ২০২১             |
| সমন্বয় | সুনিশ্চিত করা যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কার্যকরভাবে শিশু শ্রম নির্মূলের জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সমন্বয় করছে।   | ২০২০ – ২০২১             |

## শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ

| ক্ষেত্র                      | প্রস্তাবিত কর্মোদ্যোগ   | বছর(গুলি)<br>প্রস্তাবিত |
|------------------------------|---|-------------------------|
|                              | সুনিশ্চিত করা যে জাতীয় অনুমোদনকারী প্রতিষ্ঠানগুলি সক্রিয় আছে, এবং মানব পাচারের ঘটনাগুলি মোকাবেলার জন্য তাদেরকে অর্থায়ন করছে।   | ২০১৯ – ২০২১             |
|                              | নিশ্চিত করে যে উদ্ধার, পুনরুদ্ধার, প্রত্যাবাসন, এবং ইন্টিগ্রেশন টাস্ক ফোর্সের জন্য প্রয়োজনীয় ক্ষমতা এবং সরঞ্জামগুলি রয়েছে যাতে তারা বিদেশে অবস্থান করা নাগরিকদেরকে ট্র্যাক করার জন্য সরঞ্জামগুলি স্থাপন করতে পারে, ঘটনা ব্যবস্থাপনা পদ্ধতিটি উদ্ভাবন করে, এবং মানব পাচার থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদেরকে প্রত্যাবাসনের প্রক্রিয়াটিকে সহজতর করে।      | ২০১৮ – ২০২১             |
| সরকারী<br>নীতিমালা<br>সমূহ   | জাতীয় শিক্ষানীতিতে শিশু শ্রম নির্মূল ও প্রতিরোধের কৌশলগুলি সম্পৃক্ত করা হয়।   | ২০১৪ – ২০২১             |
|                              | প্রতিবেদন দানের সময়কালে শিশু শ্রম সম্পর্কিত মূল নীতিগুলি বাস্তবায়নের জন্য গৃহীত কার্যকলাপগুলি প্রকাশ করা হয়।   | ২০২০ – ২০২১             |
| সামাজিক<br>কার্যক্রম<br>সমূহ | শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি সহ স্কুলে উপস্থিতির প্রতিবন্ধকতাগুলি দূর করা এবং সব শিশুদের জন্য শিক্ষাকে প্রবেশযোগ্য করে তোলার প্রচেষ্টা বাড়ানো হয়, যার মধ্যে অন্তর্ভুক্ত করা হয় শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউটের সক্ষমতা বৃদ্ধি করা, একটি সুবিন্যস্ত দূরশিক্ষণ প্রক্রিয়া নিশ্চিত করা এবং পরিবহন ও স্কুল উপকরণের উচ্চ ব্যয় নির্মূল করা। | ২০২১                    |
|                              | রোহিঙ্গা শরণার্থী শিশুদের জন্য পর্যাপ্ত শিক্ষা সেবা প্রদান করা, তাদের স্কুলে উপস্থিতির প্রতিবন্ধকতা দূর করা, এবং শিশু শ্রম কার্যক্রমে তাদের সম্পৃক্ততা এবং অধীনতা হ্রাস করার কর্মসূচী বাস্তবায়ন করা।   | ২০১৭ – ২০২১             |

## শিশু শ্রম নির্মূলে প্রস্তাবিত সরকারী কর্মোদ্যোগ সমূহ

| ক্ষেত্র | প্রস্তাবিত কর্মোদ্যোগ  | বছর(গুলি)<br>প্রস্তাবিত |
|---------|--|-------------------------|
|         | অনানুষ্ঠানিক পোশাক, চামড়া এবং মাছ শুকানোর শিল্পে শিশু শ্রম মোকাবেলার জন্য কার্যক্রম গড়ে তোলা ও বাস্তবায়নসহ শিশু শ্রমের পরিধিকে উদ্দেশ্য করে কার্যক্রমের প্রসার ঘটানো। | ২০১৬ – ২০২১             |
|         | সুনিশ্চিত করে যে চাইল্ড হেল্প লাইন, এবং অন্যান্য হটলাইনগুলি শিশু শ্রমের অভিযোগ সংক্রান্ত তথ্য-উপাত্তগুলি জানিয়ে দেয়।   | ২০২০ – ২০২১             |